

নিয়োগ বিজ্ঞপ্তি

Memo No. 56.07.0000.002.11.010.24-802

Date: May 17, 2026

পদ: ড্রাইভার (চুক্তিভিত্তিক) – ১ জন

রিপোর্ট করবেন: এক্সিকিউটিভ-কমপ্লায়েন্স ও এইচআর (Executive-Compliance & HR)

কাজের বিবরণ:

- পুল কার/অফিসিয়াল গাড়ি নিরাপদ, দক্ষ ও দায়িত্বশীলভাবে পরিচালনা করা; সর্বদা কর্মকর্তাদের এবং গাড়ির নিরাপত্তা নিশ্চিত করা।
- গাড়ি চালানোর সময় ট্রাফিক আইন ও বিধিবিধান যথাযথভাবে মেনে চলা।
- নিয়মিত পর্যবেক্ষণ এর মাধ্যমে গাড়ির নিরাপত্তা নিশ্চিত করা; ইঞ্জিন অয়েল, ব্রেক অয়েল, লাইট, ব্রেক, টায়ার প্রেশার ও অন্যান্য গুরুত্বপূর্ণ অংশ পরীক্ষা করা।
- গাড়ি কার্যকর অবস্থায় রাখতে নিয়মিত রক্ষণাবেক্ষণ, মেরামত ও সার্ভিসিংয়ের সময়সূচী নির্ধারণ ও সম্পন্ন করা।
- কর্মকর্তাদের জন্য সুন্দর ও স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করতে, গাড়িটির ভিতরে ও বাইরে পরিচ্ছন্ন রাখা।
- বৈধ ড্রাইভিং লাইসেন্স বজায় রাখা এবং গাড়ির রেজিস্ট্রেশন, ট্যাক্স টোকেন, রোড পারমিট, ফিটনেস সার্টিফিকেট ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র হালনাগাদ রাখা।
- ট্রাফিক পরিস্থিতি বিবেচনায় ভ্রমণপথ পরিকল্পনা ও সমন্বয় করা, যাতে সময়মতো গন্তব্যে পৌঁছানো যায় ও বিলম্ব এড়ানো যায়।
- প্রতিটি ট্রিপের সঠিক লগ সংরক্ষণ করা; এর মধ্যে মাইলেজ, জ্বালানি খরচ, পিক-আপ/ড্রপ-অফের সময়, গন্তব্য ও স্বাক্ষর অন্তর্ভুক্ত থাকবে।
- গাড়ির জ্বালানি ব্যবহার, মেরামত ও রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয়তা পর্যবেক্ষণ ও রিপোর্ট করা।
- নির্ধারিত অ্যাপয়েন্টমেন্ট ও মিটিংয়ের জন্য গাড়ির ভিজিট সময়সূচী সম্পর্কে প্রশাসন, সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাদের সঙ্গে সমন্বয় রাখা।
- যেকোনো জরুরি পরিস্থিতি-যেমন গাড়ি বিকল, দুর্ঘটনা বা চিকিৎসাজনিত জরুরি অবস্থায় তাৎক্ষণিক অফিসকে জানানো ও মোকাবিলায় প্রস্তুতি রাখা।
- প্রয়োজন অনুযায়ী অফিসিয়াল ইভেন্ট ও প্রোগ্রামে সহযোগিতা প্রদান করা।
- কোম্পানির Pool Car Guideline অনুসরণ করা।
- প্রতিষ্ঠানের আচরণবিধি মেনে চলা এবং সর্বদা গোপনীয়তা ও পেশাদারিত্ব বজায় রাখা।
- কোম্পানির প্রয়োজনে অফিস সময়ের পরে, সাপ্তাহিক ছুটি বা সরকারি ছুটির দিনেও কাজ করতে হবে।

অন্যান্য প্রয়োজনীয়তা:

- পেশাদার ড্রাইভিং লাইসেন্স অবশ্যই বৈধ ও হালনাগাদ থাকতে হবে এবং ড্রাইভিং রেকর্ড ভালো থাকা জরুরী।
- গাড়ির রক্ষণাবেক্ষণ, মেরামত, গাড়ি চালাতে প্রয়োজনীয় কাগজপত্র সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।
- পেশাদার ড্রাইভার হিসেবে ন্যূনতম ৫ বছরের পূর্ব অভিজ্ঞতা (কর্পোরেট বা অনুরূপ পরিবেশে কাজের অভিজ্ঞতা অগ্রাধিকার পাবে)।
- স্থানীয় ট্রাফিক আইন, সড়ক সংকেত ও রাস্তাঘাট সম্পর্কে ভালো জ্ঞান থাকতে হবে।
- শারীরিকভাবে সুস্থ এবং জরুরি পরিস্থিতি সামলাতে সক্ষম হতে হবে।
- Google Map ব্যবহারের দক্ষতা এবং WhatsApp এর মাধ্যমে যোগাযোগ রাখার সক্ষমতা।

শিক্ষাগত যোগ্যতা ও বয়স:

- ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা: অষ্টম শ্রেণী পাশ
- বয়সঃ সর্বোচ্চ ৪০ বছর

কর্মস্থল: ঢাকা, বাংলাদেশ।

বেতন: আলোচনাসাপেক্ষ (অভিজ্ঞতা ও দক্ষতার ভিত্তিতে)।

আবেদন প্রক্রিয়া:

(১) আগ্রহী প্রার্থীগণ বিস্তারিত জীবনবৃত্তান্ত (CV)-এর সঙ্গে শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদের কপি, জাতীয় পরিচয়পত্র (NID)/নাগরিকত্ব সনদের কপি, সাম্প্রতিক তোলা এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং পেশাদার ড্রাইভিং লাইসেন্সের কপি একটি বন্ধ খামে নিম্নলিখিত ঠিকানায় কোম্পানির অফিসে পৌঁছে দিতে পারেন: আইসিটি টাওয়ার (লেভেল ১৪), প্লট-E 14/X, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭। অথবা জীবনবৃত্তান্ত (CV) ও অন্যান্য কাগজপত্রের সফট কপি স্ক্যান করে আগামী ০১ জুন ২০২৬ তারিখের মধ্যে career@startupbangladesh.gov.bd ই-মেইল ঠিকানায় পাঠাতে হবে।

(২) শুধুমাত্র Shortlisted প্রার্থীদের Driving Test ও সাক্ষাৎকারের জন্য ডাকা হবে।